১০৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 SEP 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

# এসএসসি পরীক্ষায় এক শ' নম্বর পুনর্বহাল হওয়া সত্ত্বেও ওয়ারীর স্কুলে হামলা

## এক কিলোমিটার এলাকা রণক্ষেত্রে পরিণত

**স্টাফ রিপোর্টার॥** এসএসসিতে ধর্ম শিক্ষায় এক শ' মার্ক পুনর্বহালের পরও একই দাবিতে মিছিল করার নাম করে মঙ্গলবার নবাবপুর এলাকার দু'টি স্কুলের কতিপয় ছাত্র বহিরাগতদের নিয়ে ওয়ারী উচ্চ বিদ্যালয়ে হামলা চালিয়েছে। ধর্ম শিক্ষায় এক শ' মার্ক পুনর্বহালের দাবিতে মিছিল করাকে কেন্দ্র করে এই নিয়ে মঙ্গলবার ওয়ারী স্কুলে পঞ্চমবারের মতো হামলা চালানো হয়েছে। পঞ্চম দিনে ওয়ারী স্কুলের ছাত্ররা প্রতিরোধ গড়ে তুললে উভয় পক্ষের মধ্যে প্রায় আধঘণ্টা সংঘর্ষ হয়। এতে স্কুলের প্রায় এক কিলোমিটার এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। সংঘর্ষে ওয়ারী স্কুলের ৭/৮ জন ছাত্র আহত হয়।

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## এসএসসি পরীক্ষায় (প্রথম পাতার পর)

এর মধ্যে দু'জনের অবস্থা গুরুতর। বহিরাগতরা এদিন লাঠিসোটা নিয়ে হামলা চালায় এবং স্কুলের গেট, দরজা-জানালা, চেয়ার-টেবিল ভাংচুর করে। এতে প্রায় ৬/৭ হাজার টাকার সম্পদের ক্ষতি হয়েছে। স্কুলের প্রধান শিক্ষক এ ব্যাপারে বাদী হয়ে সূত্রাপুর থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলায় নবাবপুর স্কুলের ১৫/২০ জন ছাত্রকে অভিযুক্ত করা হয়েছে। তবে ছাত্রদের কারও নাম উল্লেখ করা হয়নি। ধর্ম শিক্ষায় এক শ' মার্ক পুনর্বহালের পরও এই হামলার পিছনে অসৎ উদ্দেশ্য রয়েছে বলে এলাকাবাসী মনে করছেন। তাঁদের মতে, স্থানীয় একটি প্রভাবশালী মহল ইন্ধন যোগাচ্ছে। এই মহলটি স্কুলে অস্থিরতা সৃষ্টি করে তাদের স্বার্থ হাসিল করতে চায়।

প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুর দু'টার দিকে নবাবপুর এলাকার দু'টি স্কুলের ২৫/৩০ জন ছাত্র লাঠিসোটা নিয়ে এসে ওয়ারী স্কুলের ছাত্রদের মিছিলে যোগ দিতে বলে। তারা ধর্ম শিক্ষায় এক শ' মার্ক পুনর্বহালের দাবিতে মিছিল করে। তখন ওয়ারী স্কুলের ছাত্ররা জানায়, সরকার তাদের দাবি মেনে নিয়েছে। আর মিছিল করার প্রয়োজন নেই। এ নিয়ে তর্কবিতর্কের এক পর্যায়ে বহিরাগত ছাত্ররা লাঠিসোটা নিয়ে স্কুলে হামলা চালায়। তারা জোর করে স্কুলের ভিতরে ঢুকে ভাংচুর করতে থাকে। এ সময় ওয়ারী স্কুলের ছাত্ররা প্রতিরোধ গড়ে তোলে এবং কিছু ছাত্র ভবনের ছাদে ওঠে বহিরাগতদের লক্ষ্য করে ঢিল ছোড়ে। শুরু হয় উভয়পক্ষের মধ্যে ইটপাটকেল নিক্ষেপ। উভয়পক্ষের মধ্যে প্রায় ৩০ মিনিট ধরে যুদ্ধ চলে। এক পর্যায়ে স্কুলের সামনের রাস্তা দিয়ে একটি পুলিশের গাড়ি দ্রুত চলে গেলে ছাত্ররা ভয়ে দৌড়ে পালিয়ে যায়। সূত্রাপুর থানা পুলিশ অবশ্য আসে ঘটনার প্রায় আধঘণ্টা পরে।

শিক্ষকরা জানান, গত বেশ কয়েক দিন ধরে বহিরাগত ছাত্ররা এসে ওয়ারী স্কুলের ছাত্রদের মিছিলে যাওয়ার জন্য প্ররোচিত করে। কিন্তু স্কুলের ছাত্ররা মিছিলে যোগ দেয়নি। ফলে গত সোমবারও বহিরাগত ছাত্ররা স্কুলে হামলা চালিয়েছে এবং ভাংচুর করেছে।

এক ছাত্র জানায়, বহিরাগতদের হামলায় গুরুতর আহত এক ছাত্রকে রিক্সা করে হাসপাতালে নেয়ার সময় হামলাকারীরা আহত ছাত্রকে পথে আটকায়। পরে পুলিশের উপস্থিতি টের পেয়ে বহিরাগতরা পালিয়ে যায়।